

“নকলকে না বলি, দিন বদলের দৃঢ় প্রত্যয়ে দেশটাকে গড়ে তুলি”



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd




স্মারক নং : পরী/মাধ্য/জেএসসি /২০১৭/৩২৫

তারিখ : ১৪/১১/২০১৭ খ্রিঃ

**বিষয় :** জেএসসি পরীক্ষা-২০১৭ এ শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য (১৪৭), কর্ম ও জীবনমুখী শিক্ষা (১৫৫) এবং চারু ও কারুকলা (১৪৮) বিষয়সমূহের নম্বর অনলাইনে প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাধীন মাধ্যমিক পর্যায়ের সকল প্রতিষ্ঠান প্রধান ও জেএসসি পরীক্ষা-২০১৭ এর অনুমোদিত কেন্দ্রের কেন্দ্র সচিবগণকে জানানো যাচ্ছে যে, জেএসসি পরীক্ষা-২০১৭ এ নিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য (১৪৭), কর্ম ও জীবনমুখী শিক্ষা (১৫৫) এবং চারু ও কারুকলা (১৪৮) বিষয়সমূহের নম্বর এনসিটিবি এর নির্দেশনা অনুসারে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রদত্ত নম্বর ফর্দ (প্রতি বিষয়ে পূর্ণমান: ৫০) জেএসসি পরীক্ষার রোল নম্বর অনুযায়ী সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষক ও প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষরিত কপি কেন্দ্র সচিবের নিকট প্রেরণ করবে। কেন্দ্র সচিব কুমিল্লা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটের জেএসসি কর্ণারে গিয়ে জেএসসি-২০১৭ এর রোল শীট ও হাজিরাপত্র প্রিন্ট করার জন্য প্রদত্ত পাসওয়ার্ড ব্যবহার করে আগামী ১৮/১১/২০১৭ খ্রিঃ হতে অনলাইনে প্রাপ্ত নম্বর এন্ট্রি নিশ্চিত করবেন। [ তবে অনিয়মিত পরীক্ষার্থীরা এই তিনটি বিষয়ে (প্রযোজ্য ক্ষেত্রে) পূর্বের ন্যায় লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে ]।

বিষয়টি অতীব জরুরি।

  
(কায়সার আহমেদ) ১৪/১১/১৭

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা  
ফোন : ০৮১-৭৬১৭২

কেন্দ্র সচিব/অধ্যক্ষ/প্রধান শিক্ষক


জেএসসি পরীক্ষা-২০১৭/মাধ্যমিক পর্যায়ের সকল প্রতিষ্ঠান।

স্মারক নং : পরী/মাধ্য/জেএসসি /২০১৭/৩২৫(০৩)

তারিখ : ১৪/১১/২০১৭ খ্রিঃ

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :**

- ১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, জেএসসি পরীক্ষা-২০১৭ এর অনুমোদিত সকল কেন্দ্র
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
- ৩। সংরক্ষণ নথি।

  
(কায়সার আহমেদ) ১৪/১১/১৭

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা  
ফোন : ০৮১-৭৬১৭২